# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
## Bengali Text Bulletin

**Date 02-09-2025** **Time: 7.35 A.M.**

---

**বিশেষ বিশেষ খবরঃ-**

১) স্কুল সার্ভিস কমিশনের অযোগ্য তালিকার বাইরে থাকলেও দাগি হিসাবে চিহ্নিত কোনো শিক্ষকই নিয়োগ সংক্রান্ত পরীক্ষায় বসতে পারবে না বলে সুপ্রিম কোর্ট স্পষ্ট করে দিয়েছে।

এদিকে, নতুন নিয়োগ পরীক্ষায় বসার জন্য অযোগ্য চিহ্নিত শিক্ষক শিক্ষিকারা কলকাতা হাইকোর্টে যে আবেদন জানিয়েছে, আজ তার শুনানি হতে পারে।

২) যেসব পড়ুয়া ভুয়ো জাতিগত শংসাপত্র দিয়ে বিভিন্ন মেডিকেল কলেজে ডাক্তারি কোর্সে ভর্তি হয়েছেন, তাদের চিহ্নিত করে রাজ্য সরকার আজকের রিপোর্ট জমা দেওয়ার নির্দেশ দিয়েছে।

৩) রাজ্য বিধানসভার তিনদিনের বিশেষ সংক্ষিপ্ত অধিবেশনের আজ দ্বিতীয় দিন।

৪) রাজ্যে ফল ও সবজি প্রক্রিয়াকরণের পরিকাঠামো গড়ে তুলতে ক্ষুদ্র, ছোট, মাঝারি শিল্প দপ্তর এবং খাদ্য প্রক্রিয়াকরণ ও উদ্যানপালন দপ্তর একযোগে কাজ শুরু করেছে।

৫) উত্তর-পূর্ব বঙ্গোপোসাগর এবং সংলগ্ন মায়ানমার উপকূলে সৃষ্ট ঘূর্ণাবর্ত ও নিম্নচাপের প্রভাবে কলকাতা সহ দক্ষিণবঙ্গে বিভিন্ন জেলায় আজও বৃষ্টির পূর্বাভাস।

---------------------------------------------------------------------------

স্কুল সার্ভিস কমিশনের অযোগ্য তালিকার বাইরে থাকলেও দাগি হিসাবে চিহ্নিত কোনো শিক্ষকই নিয়োগ সংক্রান্ত পরীক্ষায় বসতে পারবে না বলে সুপ্রিম কোর্ট স্পষ্ট করে দিয়েছে। দুই বিচারপতি সঞ্জয় কুমার ও সতীশ চন্দ্র শর্মার ডিভিশন বেঞ্চ গতকাল জানায়, এমন কোনো পরীক্ষার্থী, যার সিবিআই-এর তালিকায় নাম আছে, অথচ ২০১৬ সালের পরীক্ষায় নিয়োগপত্র পাননি, তিনিও পরীক্ষায় বসতে পারবেন না। এসএসসি নিয়োগ নিয়ে লাগাতার মামলার ব্যাপারেও অসন্তোষ প্রকাশ করে শীর্ষ আদালত।

উল্লেখ্য আগামী ৭ ও ১৪ ই সেপ্টেম্বর এসএসসির এই নিয়োগ পরীক্ষা হওয়ার কথা।

এদিকে, নতুন নিয়োগ পরীক্ষায় বসার আবেদন জানিয়ে কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হয়েছেন অযোগ্য চিহ্নিত শিক্ষক-শিক্ষিকারা । বিচারপতি সৌগত ভট্টাচার্যের একক বেঞ্চে ৩-শো জনেরও বেশি অযোগ্য চিহ্নিত শিক্ষক গতকাল মামলার দ্রুত শুনানির আবেদন জানান। আজ এই শুনানি হতে পারে।

বিজেপি যোগ্য চাকরিহারা শিক্ষকদের চাকরিতে পুনর্বহালের দাবি জানিয়েছে। যোগ্য চাকরিহারা শিক্ষকরা গতকাল বিধানসভার বাইরে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারির সঙ্গে দেখা করেন। পরে শুভেন্দু বাবু সাংবাদিকদেব বলে, সুপ্রিম কোর্টের নির্দেশে রাজ্য সরকার ত্রুটিপূর্ণ হলেও অযোগ্যদের তালিকা প্রকাশে বাধ্য হয়েছে। যোগ্য শিক্ষকদের চাকরিতে বহাল রাখার অনুমোদন দেওয়ার জন্য রাজ্য সরকার যাতে সুপ্রিম কোর্টে আবেদন জানায় সেব্যাপারে মুখ্য সচিবকে তিনি চিঠি দেবেন বলে শ্রী অধিকারী জানিয়েছেন।

উল্লেখ্য চাকরিহারা যোগ্য শিক্ষকদের একাংশ গতকাল সসম্মানে চাকরিতে পুনর্বহালের জন্য বিধানসভায় জরুরি অধিবেশন ডেকে আইন পাস করার দাবিতে বিধানসভার বাইরে প্রতিবাদে সামিল হন।

অন্যদিকে নতুন নিয়োগের পরীক্ষার দিন যখন এগিয়ে আসছে, তখন চাকরি ফেরানোর দাবিতে ফের সরকারের ওপর চাপ বাড়াচ্ছেন যোগ্য চাকরিহারা শিক্ষক-শিক্ষিকারা। গতকাল এসএসসির চেয়ারম্যান সিদ্ধার্থ মজুমদারের সঙ্গে দেখা করেন চাকরিহারাদের একটি প্রতিনিধিদল।

একটি প্রতিবেদন সুমন

----------------------

যে সব পড়ুয়া ভূয়ো জাতিগত শংসাপত্র দিয়ে বিভিন্ন মেডিক্যাল কলেজে ডাক্তারি কোর্সে ভর্তি হয়েছেন তাদের চিহ্নিত করে রাজ্য সরকার রিপোর্ট জমা দেওয়ার নির্দেশ দিয়েছে। স্বাস্থ্য শিক্ষা অধিকর্তা রাজ্যের সব মেডিক্যাল কলেজের অধ্যক্ষকে মেইল করে আজ বিকাল চারটের মধ্যে এই সংক্রান্ত রিপোর্ট জমা দেওয়ার নির্দেশ দিয়েছেন বলে স্বাস্থ্য দপ্তর সূত্রের খবর। উল্লেখ্য ৪৫জন মেডিক্যাল পড়ুয়া, তপশিলী জাতি ও তপশিলী উপজাতি সংক্রান্ত ভূয়ো শংসাপত্র জমা দিয়ে বিভিন্ন মেডিক্যাল কলেজে সংরক্ষিত আসনে ভর্তি হয়েছেন বলে আদিবাসী উন্নয়ন দপ্তরের পক্ষ থেকে লিখিত ভাবে স্বাস্থ্য দপ্তরে অভিযোগ জানানো হয়।

----------------------

মালদা মেডিকেল কলেজে এক মহিলা ইন্টার্নকে হেনস্তার অভিযোগ খতিয়ে দেখতে জাতীয় মহিলা কমিশনের এক প্রতিনিধি দল গতকাল সেখানে যায়। কমিশনের সদস্য অর্চনা মজুমদার এব্যাপারে কথা বলেন, মেডিকেল কলেজের অধ্যক্ষ পার্থপ্রতিম

মুখোপাধ্যায়, সহ অধ্যক্ষ প্রসেনজিৎ বর এবং ইন্টার্ন এবং চিকিৎসকদের একাংশকে সঙ্গে। নিগৃহীতা ইন্টার্নের অভাব-অভিযোগও শোনেন শ্রীমতী মজুমদার। পরে তিনি সাংবাদিকদের বলেন, আর জি কর হাসপাতালে তরুণী চিকিৎসকের ধর্ষণ ও খুনের ঘটনার পর আবার মালদায় এই ধরনের হেনস্থার ঘটনা অত্যন্ত উদ্বেগের। মহিলা কমিশন মেয়েদের সুরক্ষার বিষয়ে যথেষ্ট গুরুত্ব দিচ্ছে বলেও মন্তব্য করেন তিনি।

বাইট অর্চনা

-----------------------

রাজ্য বিধানসভার তিনদিনের বিশেষ সংক্ষিপ্ত অধিবেশনের আজ দ্বিতীয় দিন। গতকাল প্রথম দিনে সদ্য প্রয়াত বিশিষ্ট ব্যক্তিদের স্মৃতির প্রতি শ্রদ্ধা জানিয়ে সভা দিনের মত মুলতুবি হয়ে যায়। তারে আগে পরিষদীয় মন্ত্রী শোভনদেব চট্টোপাধ্যায় গতকাল বিধানসভার কার্যবিবরণীর ১৬৯ ধারা অনুযায়ী ভিন রাজ্যে বাংলাভাষীদের ওপর নির্যাতনের অভিযোগে নিন্দা প্রস্তাব উত্থাপন করেন। আজ ও বৃহস্পতিবার দুঘণ্টা করে মোট চার ঘন্টা ওই প্রস্তাবের উপর আলোচনা হবে। শেষ দিনের আলোচনায় অংশ নেবেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী।

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বৃহস্পতিবার চৌঠা সেপ্টেম্বরের পরিবর্তে ৮ তারিখে অধিবেশন ডাকারও আবেদন জানিয়েছেন। তিনি গতকাল সাংবাদিকদের বলেন, ৩ তারিখে করম পুজোর ছুটি দেওয়া হলেও চার তারিখেও বিভিন্ন জেলায় এই উৎসব পালিত হয়। তাই সেখানকার বিধায়করা ওই দিনের অধিবেশনে যোগ দিতে পারবেনা। বিরোধী দলের সঙ্গে আলোচনা না করেই, মুখ্যমন্ত্রীর নির্দেশে এক তরফা অধিবেশন ডাকা হয় বলে তার অভিযোগ।

বাইট শুভেন্দু

অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় জানিয়েছেন, কলকাতা হাইকোর্টের নির্দেশে এই অধিবেশনে সব বিধায়ক ও মন্ত্রীর নিরাপত্তারক্ষীদের বিধানসভা চত্বরের বাইরে থাকতে হবে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী ওই নির্দেশিকার আওতার বাইরে থাকছেন। কিন্তু বিজেপি মুখ্যমন্ত্রীকে ওই নির্দেশিকার আওতার বাইরে রাখলে আদালতের দ্বারস্থ হবে বলে জানিয়েছে। বিরোধী দলনেতা বলেন, মুখ্যমন্ত্রীও ২৯৪ জন বিধায়কেরই একজন, তাই তার ক্ষেত্রে নিয়ম পৃথক হতে পারে না। এব্যাপারে বিধানসভার সচিব, কলকাতার পুলিশ কমিশনার এবং ডায়রেক্টর অফ সিকিউরিটিকে আদালতের নির্দেশিকা সহ চিঠি পাঠানো হয়েছে বলে তিনি জানান।

-----------------------

রাজ্যে ফল ও সবজি প্রক্রিয়াকরণের পরিকাঠামো গড়ে তুলতে ক্ষুদ্র, ছোট ও মাঝারি শিল্প দফতর এবং খাদ্য প্রক্রিয়াকরণ ও উদ্যানপালন দফতর একযোগে কাজ শুরু করেছে । এজন্য জেলা শিল্প কেন্দ্র বা ডিআইসিগুলিকে খাদ্য প্রক্রিয়াকরণ ও উদ্যানপালনভিত্তিক হাব তৈরির সম্ভাবনা খতিয়ে দেখতে বলা হয়েছে।

খাদ্য প্রক্রিয়াকরণ ও উদ্যানপালন দফতরের মন্ত্রী অরূপ রায় শিল্পপতিদের রাজ্যে ইউনিট স্থাপনের আহ্বান জানিয়ে আশ্বাস দিয়েছেন, রাজ্য সরকার এ ক্ষেত্রে সব রকমের সহযোগিতা করবে।

তিনি বলেন পশ্চিমবঙ্গে বিভিন্ন ধরনের শস্য ও প্রচুর ফল-সবজি উৎপাদিত হয়। কিন্তু প্রক্রিয়াকরণের পরিকাঠামোর অভাবে সেগুলিকে অন্য রাজ্যে পাঠাতে হয়। পরে সেই প্রক্রিয়াজাত পণ্য আবার আমদানি করতে হয়। এর ফলে অপচয় বাড়ছে।

তাই রাজ্যের মধ্যেই প্রক্রিয়াজাত খাদ্য উৎপাদন বাড়াতে সরকার উদ্যোগী হচ্ছে। এর মাধ্যমে ক্রেতাদের পাশাপাশি স্থানীয় উৎপাদকরাও উপকৃত হবেন।

---------------------

কোনও রেশন গ্রাহক তাঁর নামে বরাদ্দ খাদ্যশস্য টানা ছ'মাস না তুললে তবেই সেই কার্ড সাময়িকভাবে 'নিষ্ক্রিয়' করে দেওয়া হবে। আগে এইসময় সীমা ছিল দু'মাস । রাজ্য খাদ্যদপ্তর গত রেশন ব্যবস্থা পরিচালনার যে সংশোধিত কন্ট্রোল অর্ডার জারি করে একথা জানিয়েছে। নিষ্ক্রিয় কার্ড তিনমাসের মধ্যে ফের চালু করারও সুযোগ থাকছে। নিষ্ক্রিয় কার্ড চালু করতে গ্রাহককে ফের 'ই-কেওয়াইসি' জমা দিতে হবে। আধার ভিত্তিক বায়োমেট্রিক যাচাইয়ের মাধ্যমে তা করা যাবে।

---------------------

উত্তর-পূর্ব বঙ্গোপোসাগর এবং সংলগ্ন মায়ানমার উপকূলে সৃষ্ট ঘূর্ণাবর্তটির আজ নিম্নচাপে পরিণত হওয়ার সম্ভাবনা। এছাড়াও দীঘার ওপর দিয়ে বিস্তৃত রয়েছে মৌসুমী অক্ষরেখাও। এর প্রভাবে গতরাত থেকেই কলকাতা সহ দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় বজ্র বিদ্যুৎ সহ বৃষ্টি হচ্ছে। আকাশও মেঘাচ্ছন্ন। উপকূলবর্তী এলাকায় ঘন্টায় ৩৫ থেকে ৪৫ কিলোমিটার বেগে ঝোড়ো বাতাস বইতে থাকায় সমুদ্র উত্তাল। মৎস্যজীবীদের আগামীকাল পর্যন্ত সমুদ্রে পাড়ি দিতে নিষেধ করা হয়েছে।

আলিপুর আবহাওয়া দফতরের অধিকর্তা ডক্টর হাবিবুর রহমান বিশ্বাস জানিয়েছেন, আজও কলকাতা সহ দক্ষিণবঙ্গের প্রায় সব জেলাতেই বিক্ষিপ্তভাবে বৃষ্টির সম্ভাবনা। কোথাও কোথাও ভারি বৃষ্টিও হতে পারে।

বাইট হাবিবুর রহমান

---------------------

বন দপ্তর, উত্তরবঙ্গের বক্সা ব্যাঘ্র প্রকল্পে গন্ডার ছাড়ার সিদ্ধান্ত নিয়েছে। এজন্যে সেখানে নিমাতি রেঞ্জে জঙ্গলের গভীরে ৬০ হেক্টর জমির উপরে গন্ডারদের বিচরন ভূমি তৈরি করা হয়েছে। গন্ডার ছাড়ার জন্যে প্রস্তাব পাঠানো হয়েছে রাজ্য বন দপ্তরে । অনুমতি পেলে প্রাথমিক ভাবে সেখানে একজোড়া গন্ডার ছাড়া হবে বলে স্থির হয়েছে।

উল্লেখ্য ১৯৮২ সালে বক্সার জঙ্গলে শেষবার গন্ডারের দেখা মিলেছিল।

----------------------

আলিপুরদুয়ারের কালচিনি ব্লকে বিজয়পুর বস্তি এলাকায় গতকাল একটি চাষের জমিতে হাতির মৃতদেহ পড়ে থাকতে দেখা গেলে চাঞ্চল্য ছড়ায়। স্থানীয় বাসিন্দারা হাতিটিকে ঐভাবে পড়ে থাকতে দেখে বন দপ্তরে খবর দেয়। প্রাথমিক তদন্তে বনদপ্তরের অনুমান বিদ্যুৎস্পৃষ্ট হয়ে হাতিটির মৃত্যু হয়েছে। ঘটনার তদন্ত শুরু করেছে বনদপ্তর।

----------------------

যাত্রীদের সুবিধার্থে পূর্ব রেলের শিয়ালদা ডিভিশন আরো দুটি বাতানুকূল লোকাল চালানোর সিদ্ধান্ত নিয়েছে। এগুলি হল রানাঘাট - শিয়ালদা ভায়া বনগাঁ এবং শিয়ালদা – কৃষ্ণনগর এসি ইএমইউ। খুব শীঘ্রই এই পরিষেবা শুরু হবে বলে শিয়ালদার DRM Rajeev Saxena জানিয়েছেন। রানাঘাট - শিয়ালদার মধ্যে সদ্য চালু শীতাতপ নিয়ন্ত্রিত EMU লোকালে যাত্রী সংখ্যা সন্তোষ জনক বলেও তাঁর দাবি। পাশাপাশি যাত্রী ভিড় সামাল দিতে বিধাননগর ও কল্যাণী এবং বারাসাত ও হাসনাবাদের মধ্যে EMU ট্রেন চালানো হবে।

---------------------- ----------------------